



খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা

মাইলস্টোন স্কুল প্রাঙ্গণে মর্মান্তিক বিমান দুর্ঘটনায় গভীর শোক ও সমবেদনা জ্ঞাপন

আজ ২১ শে জুলাই ২০২৫ তারিখে ঢাকার উত্তরায় অবস্থিত মাইলস্টোন স্কুল এন্ড কলেজের একটি ভবনে বাংলাদেশ বিমান বাহিনীর প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হওয়ার হৃদয়বিদারক ঘটনায় আমি গভীরভাবে শোকাহত এবং মর্মান্বিত।

বিভিন্ন সংবাদ মাধ্যম থেকে প্রাপ্ত খবরগুলো ঘটনার ভয়াবহতা তুলে ধরেছে। অত্যন্ত দুঃখের সাথে আমরা জানতে পেরেছি যে, এ পর্যন্ত সংশ্লিষ্ট পাইলটসহ কমপক্ষে ২০ জন কোমলমতি শিক্ষার্থী মর্মান্তিকভাবে নিহত হয়েছে এবং আহত হয়েছে দেড় শতাধিক। বিমান বিধ্বস্ত হওয়ার পর স্কুলের ভবনটিতে আগুন ধরে যাওয়ায় অসংখ্য শিক্ষার্থী গুরুতর দণ্ড হয়েছেন। এই কঠিন সময়ে আমরা ভুক্তভোগী, তাদের পরিবার এবং মাইলস্টোন স্কুল কর্তৃপক্ষের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছি।

এই অপূরণীয় ক্ষতি আমাদের জাতিকে গভীর শোকে আচ্ছন্ন করেছে। এত কম বয়সী, সম্ভাবনাময় প্রাণের এমন আকস্মিক প্রস্থান আমাদের সমাজের মর্মমূলে আঘাত হেনেছে। খুলনা কৃষি বিশ্ববিদ্যালয় এই ভয়াবহ দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত সকলের পাশে আছে।

আমরা শোকসন্তপ্ত পরিবারগুলোর প্রতি গভীর সমবেদনা জানাচ্ছি। মহান আল্লাহ রাব্বুল আলামীনের নিকট দোয়া করি, তিনি যেন নিহতদের জাম্নাতুল ফেরদৌস নসিব করেন এবং শোকাহত পরিবারগুলোকে এই অপূরণীয় ক্ষতি সহ্য করার শক্তি দান করেন। আহতদের দ্রুত ও সম্পূর্ণ আরোগ্য কামনা করছি। আমরা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানাচ্ছি, গুরুতর দণ্ডদের জন্য সর্বোত্তম চিকিৎসা সেবা নিশ্চিত করতে এবং নিহত ও নিখোঁজদের পরিবারের পাশে সব ধরনের প্রয়োজনীয় সহায়তা নিয়ে দাঁড়াতে।

এছাড়াও, আমরা এই দুর্ঘটনার কারণ অনুসন্ধানে একটি পুঞ্জানুপুঞ্জ ও স্বচ্ছ তদন্তের দাবি জানাই, যাতে ভবিষ্যতে এমন বিপর্যয় রোধ করা যায়।

এই জাতীয় শোকের মুহুর্তে, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয় ক্ষতিগ্রস্ত সকলের প্রতি গভীর সহমর্মিতা এবং একাত্মতা প্রকাশ করছে এবং আমরা সকলে মিলে এই পরিস্থিতি কাটিয়ে ওঠার দৃঢ় সংকল্প ব্যক্ত করছি।

গভীর সমবেদনার সাথে,


21. 07. 25

প্রফেসর ড. মোঃ নাজমুল আহসান

উপাচার্য

খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়

সোমবার, ২১ জুলাই ২০২৫